

তারিখঃ ২৪-০৪-২০২৫ (পৃঃ ০৬)

ব্রি ধান১০৭-এর মাঠ ফসল কাটা উৎসব

গোপালগঞ্জ প্রতিনিধি : গোপালগঞ্জে প্রিমিয়াম কোয়ালিটির উচ্চ প্রোটিনসমৃদ্ধ ব্রি ধান১০৭-এর ফসল কাটা উৎসব ও মাঠ দিবস অনুষ্ঠিত হয়েছে। বুধবার কোটালীপাড়া উপজেলার পিত্তলপাড়া গ্রামে কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের কোটালীপাড়া উপজেলা কৃষি অফিসের সহযোগিতায় পার্টনার প্রকল্পের অর্থায়নে বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউটের গোপালগঞ্জ আঞ্চলিক কার্যালয় এ অনুষ্ঠানের আয়োজন করে। এতে প্রধান অতিথির বক্তব্য দেন ব্রি গোপালগঞ্জ আঞ্চলিক কার্যালয়ের মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা ও প্রধান ড. আমিনা খাতুন।